# अथ विसर्गसन्धिः

**विसर्जनीयस्य सः ८। ३। ३४॥**

खरि। विष्णुस्त्राता[१]॥

**वा शरि ८। ३। ३६॥**

शरि विसर्गस्य विसर्गो वा। हरिः शेते, हरिश्शेते॥

**ससजुषो रुः ८। २। ६६॥**

पदान्तस्य सस्य सजुषश्च रुः स्यात्॥

**अतो रोरप्लुतादप्लुते ६। १। ११३॥**

अप्लुतादतः परस्य रोरुः स्यादप्लुतेऽति। शिवोऽर्च्यः[२]॥

**हशि च ६। १। ११४॥**

तथा[३]। शिवो वन्द्यः[४]॥

**भोभगोअघोअपूर्वस्य योऽशि ८। ३। १७॥**

एतत्पूर्वस्य[५] रोर्यादेशोऽशि। देवा इह, देवायिह। भोस् भगोस् अघोस् इति सान्ता निपाताः। तेषां[६] रोर्यत्वे कृते॥

**हलि सर्वेषाम् ८। ३। २२॥**

भोभगोअघोअपूर्वस्य यस्य लोपः स्याद्धलि। भो देवाः। भगो[७] नमस्ते। अघो[८] याहि॥

**रोऽसुपि ८। २। ६९॥**

अह्नो रेफादेशो न तु सुपि। अहरहः[९]। अहर्गणः[१०]॥

---

१-रक्षकः॥ २-पूजनीयः॥ ३-अप्लुतादतः परस्य रोरुः स्याद्धशि परे, इति सूत्रार्थः॥ ४-प्रणम्यः॥ ५-भोपूर्वस्य भगोपूर्वस्य अघोपूर्वस्य अवर्णपूर्वस्येत्यर्थः॥ ६-भोस्प्रभृतीनामित्यर्थः॥ ७-भगवन्॥ ८-हे अघवन् (पापपरायण) गच्छ इत्यर्थः॥ ९-अहन् अहन् इति अलौकिकं रूपम्। प्रतिदिनमित्यर्थः॥ १०-अत्र **'अहरादीनां पत्यादिषु वा रेफः'** इति विसर्गापवादवार्तिकम्, तेन अहर्पतिः, गीर्पतिः, धूर्पतिः—इत्यादौ रेफस्य न विसर्गः, पक्षे तु विसर्गोपध्मानीयौ स्तः। अहर्गण इत्यस्य दिनसमूह इत्यर्थः॥

Scanned with CamScanner

(9) **रो रि ८। ३। १४॥**

रेफस्य रेफे परे लोपः॥

(10) **ढ्रलोपे पूर्वस्य दीर्घोऽणः ६। ३। १११॥**

ढरेफयोर्लोप[1]निमित्तयोः पूर्वस्याणो दीर्घः। पु[2]ना रमते। हरी रम्यः। शम्भू राजते। अणः किम्? तृ[3]ढः। वृ[4]ढः। मनस् रथ इत्यत्र रुत्वे कृते हशि चेत्युत्वे रोरीति लोपे च प्राप्ते॥

(11) **विप्रतिषेधे परं कार्यम् १। ४। २॥**

तुल्यब[5]लविरोधे परं कार्यं स्यात्। इति लोपे प्राप्ते। पूर्वत्रासिद्धमिति रोरीत्यस्यासिद्धत्वादुत्वमेव। म[6]नोरथः॥

(12) **एतत्तदोः सुलोपोऽकोरनञ्समासे हलि ६। १। १३२॥**

अककारयोरेतत्तदोर्यः सुस्तस्य लोपो हलि न तु नञ्समासे। एष विष्णुः। स शम्भुः। अकोः किम्? एषको रुद्रः। अनञ्समासे किम्? असः शिवः। हलि किम्? एषोऽत्र॥

(13) **सोऽचि लोपे चेत्पादपूरणम् ६। १। १३४॥**

---

१-ढकारलोपनिमित्ते ढकारे परे रेफलोपनिमित्ते रेफे च परे पूर्वस्याणो दीर्घ इति स्पष्टार्थः॥ २-अत्र पूर्वग्रहणमुत्तरपदाधिकारनिवृत्त्यर्थमत एव व्यस्तप्रयोगमुदाहरति—'पुना रमते' इत्यादि॥ ३-हिंसितः॥ ४-उद्यतः॥ ५-अन्यत्रान्यत्र लब्धावकाशयोरेकत्र युगपत्प्राप्तिस्तुल्यबलविरोधः। प्रकृते 'पुना रमते' इत्यत्र 'रो रि' इत्यस्य 'शिवो वन्द्यः' इत्यत्र 'हशि च' इत्यस्य लब्धावकाशतया 'मनोरथः' इत्येकस्मिँल्लक्ष्ये द्वयोः प्राप्तिरतो विप्रतिषेधः॥ ६-'मनस् +रथः' इति स्थिते 'ससजुषो रुः' इति रुत्वे कृते 'हशि च' इत्युत्वे 'रो रि' इति लोपे च प्राप्ते 'विप्रतिषेधे परं कार्यम्' इत्यनेनोत्वं प्रबाध्य प्राप्तस्य लोपस्य 'पूर्वत्रासिद्धम्' इत्यनेन 'हशि च' इति दृष्ट्याऽसिद्धत्वे, उत्वे, गुणे 'मनोरथः' इति सिद्धम्। 'इच्छा काङ्क्षा स्पृहेहा तृड् वाञ्छा लिप्सा मनोरथः' इत्यमरः॥

Scanned with CamScanner

स[1] इत्यस्य सोर्लोपः स्यादचि पादश्चेल्लोपे सत्येव पूर्य्येत। सेमामविड्ढि[2] प्रभृतिम्। सैष दाशरथी रामः॥

इति विसर्गसन्धिः॥

इति पञ्च[3]सन्धिप्रकरणम्।

---

१-'सस्' इति प्रथमान्तानुकरणलुप्तषष्ठ्यन्तम्। 'सुलोपः' इति वर्ततेऽत आह—स इत्यस्येति॥ २-'स सु+इमामविड्ढि, स सु+एष दाशरथी रामः' इत्युभयत्रापि यदि सोर्लोपो न स्यात्तदा सस्य रुत्वे यत्वे यकारस्य लोपे तस्यासिद्धत्वाद् गुणाद्यभावे एकाक्षराधिक्येन पादपूर्तिर्न स्यात्। 'दाशरथी रामः' इत्यत्र तु 'दाशरथिस् रामः' इत्यवस्थायां सकारस्य रुत्वे, रो रि लोपे दीर्घः॥ ३-पञ्चसन्धिशब्दो विचार्यते—तत्र पञ्चजातीयानां वर्णानां स्थाने सन्धिर्वर्णसन्धानम्। तत्राज्झल्विसर्गसन्धयः प्रसिद्धाः। चतुर्थः स्वादिसन्धिः। यद्यपि स हल्सन्धिरेव शिवोऽर्च्य इत्यादौ विभक्तिसकारादेर्हल्रूपत्वात्, तथापि तत्र प्रायो विभक्तिस्थानिककार्यस्यैव 'स्वौजसमौट्—' इति सु प्रत्यय इत्येवं प्रवृत्त्यभिधानेन गोबलीवर्दन्यायेन हल्सन्धितः पृथक्कथनम्। पञ्चमः कः? इति प्रश्ने केचित् प्रकृतिभावस्य तत्त्वमाचक्षते, तन्न; सन्धेर्मेलनरूपस्य तत्राभावात्। वयं तु ब्रूमः—पञ्चमोऽनुस्वारसन्धिः परसवर्णरूपः; हल्सन्धौ तद्विधायकसूत्रोल्लेखस्तु मकारनकाररूपहल्वर्णयोस्तत्र प्रकरणेऽनुस्वारे सम्पन्ने एवानुस्वारस्य वर्णान्तरसन्धानात्॥

Scanned with CamScanner

## ।। অথ বিসর্গসন্ধিঃ ।।

**১০৩। বিসর্জনীয়স্য সঃ—৮।৩।৩৪**

**বিসর্জনীয়স্য—৬।১, সঃ—১।১**

**অনুবৃত্তিঃ—** খরি।

। বিসর্জনীয়স্য সঃ (ভবতি) খরি (পরে) ।।

**বরদরাজঃ—খরি। বিযুস্ত্রাতা।।**

**অনুবাদ—** 'খর্' পরে থাকিলে। (যথা—) বিযুংস্ত্রাতা।

**আলোচনা—** 'বিযুঃ + ত্রাতা'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'বিসর্জনীয়স্য সঃ'—এই সূত্রের দ্বারা বিসর্গের সকার করিয়া 'বিযুংস্ত্রাতা' এইরূপ সিদ্ধ হয়।

**১০৪। বা শরি—৮।৩।৩৬**

**বা—অ., শরি—৭।১**

**অনুবৃত্তিঃ—** বিসর্জনীয়স্য, বিসর্জনীয়ঃ।

[ শরি (পরে) বিসর্জনীয়স্য বিসর্জনীয়ঃ বা (ভবতি) ]।

**বরদরাজঃ—শরি বিসর্জনীয়স্য বিসর্গো বা। হরিঃ শেতে, হরিশ্শেতে।।**

**অনুবাদ—** শর্ পরে থাকিলে বিসর্গের বিসর্গ বিকল্পে হয়। (যথা—) হরিঃ শেতে, হরিশ্শেতে।।

**আলোচনা—** 'হরিঃ+শেতে'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'বা শরি'—এই সূত্রের দ্বারা বিসর্গের বিকল্পে বিসর্গ আদেশ করিয়া 'হরিঃ শেতে'—এই রূপ সিদ্ধ হয়। বিসর্গ আদেশের অভাবপক্ষে 'হরিঃ+শেতে এই স্থলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'বিসর্জনীয়স্য সঃ'—এই সূত্রের দ্বারা বিসর্গের সকার আদেশ করিয়া 'হরিস্+শেতে' এই অবস্থায় 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' —এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'—এই সূত্রের দ্বারা সকারের শকার করিয়া 'হরিশ্শেতে'—এই দ্বিতীয় রূপ সিদ্ধ হয়।

**১০৫। সসজুষো রুঃ—৮।২।৬৬**

**সসজুষঃ—৬।১, রুঃ—১।১.**

**বরদরাজঃ—** পদান্তস্য সস্য সজুষশ্চ রুঃ স্যাৎ।।

Scanned with CamScanner

**অনুবাদ—** পদান্ত সকারের এবং সজুস্ শব্দের রু আদেশ হয়।

**আলোচনা—** 'পদস্য' সূত্রের অধিকার রহিয়াছে। এবং উহা বিশেষণ হওয়ায় পদান্ত সকারের এবং সজুস্ শব্দের 'রু' আদেশ হয়।

## ১০৬। অতো রোরপ্লুতাদপ্লুতে—৬।১।১১৩

অতঃ—৫।১, রোঃ—৬।১, অপ্লুতাৎ—৫।১, অপ্লুতে— ৭।১.

**অনুবৃত্তিঃ—** উৎ, অতি।

। অপ্লুতাৎ অতঃ (পরস্য) রোঃ উৎ (ভবতি) অপ্লুতে অতি।।

**বরদরাজঃ—**অপ্লুতাদতঃ পরস্য রোরুঃ স্যাদপ্লুতেঽতি। শিবোঽর্চ্যঃ।।

**অনুবাদ—** অপ্লুত হ্রস্ব অকারের পর 'রু'-এর 'উ'কার আদেশ হয় অপ্লুত হ্রস্ব অকার পরে থাকিলে। (যথা—) শিবোঽর্চ্যঃ।।

**আলোচনা—** 'ঋত উৎ'— এই সূত্র হইতে 'উৎ' এবং 'এঙঃ পদান্তাদতি' সূত্র হইতে 'অতি' এই পদদ্বয় অনুবৃত্ত হইতেছে। 'শিবস্+অর্চ্যঃ'—এই অবস্থায় 'সসজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের রু আদেশ করিয়া এবং অনুবন্ধলোপ করিয়া শিবর্+অর্চ্যঃ এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'অতো রোরপ্লুতাদপ্লুতে'— এই সূত্রের দ্বারা 'রু' এর স্থানে উকার আদেশ করিয়া শিব উ+অর্চ্যঃ এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'অদেঙ্গুণঃ', 'স্থানেঽন্তরতমঃ'— এই তিনটি সূত্রের সহায়তায় 'আদ্গুণঃ'—এই সূত্রের দ্বারা পূর্বও পরের স্থানে গুণ একাদেশ ওকার করিয়া 'শিবো+ অর্চ্যঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'এঙঃ পদান্তাদতি' এই সূত্রের দ্বারা পূর্বরূপ একাদেশ করিয়া 'শিবোঽর্চ্যঃ' এইরূপ সিদ্ধ হয়।

## ১০৭। হশি চ—৬।১।১১৪

হশি—৭।১, চ—অ.

**অনুবৃত্তিঃ—** অতঃ, রোঃ, অপ্লুতাৎ, উৎ।

। অপ্লুতাৎ অতঃ (পরস্য) রোঃ উৎ (আদেশঃ ভবতি) হশি (পরে)।।

**বরদরাজঃ—**তথা। শিবো বন্দ্যঃ।।

Scanned with CamScanner

**অনুবাদ—** সেইরূপ (হইবে)। (যথা—) শিবো বন্দ্যঃ।

**আলোচনা—** অপ্লুত হ্রস্ব অকারের পর 'হশ্' থাকিলে 'রু'-এর স্থানে 'উ' আদেশ হয়। 'শিবস্+বন্দ্যঃ'—এই উদাহরণে 'সসজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের স্থানে 'রু' আদেশ করিয়া ও অনুবন্ধ লোপ করিয়া 'শিবর্+বন্দ্যঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হশি চ' এই সূত্রের দ্বারা 'রু' (র্) এর 'উ' আদেশ করিয়া 'শিব উ+বন্দ্যঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অদেঙ্ গুণঃ', 'স্থানেঽন্তরতমঃ'—এই তিন সূত্রের সহায়তায় 'আদ্‌গুণঃ'—এই সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে গুণ 'ও'কার করিয়া 'শিবোবন্দ্যঃ' রূপ সিদ্ধ হয়।

## ১০৮। ভোভগোঅঘোঅপূর্বস্য যোঽশি—৮।৩।১৭

ভোভগোঅঘোঅপূর্বস্য—৬।১, যঃ—১।১, অশি—৭।১

**অনুবৃত্তিঃ—** রোঃ।

[ ভো-ভগো-অঘো-অপূর্বস্য রোঃ যঃ (আদেশঃ ভবতি) অশি (পরে)]।

**বরদরাজঃ—** এতৎপূর্বস্য রোর্যাদেশোঽশি। দেবা ইহ, দেবাযিহ। ভোস্ ভগোস্ অঘোস্ ইতি সান্তা নিপাতাঃ। তেষাং রোর্যত্বে কৃতে।।

**অনুবাদ—** এইগুলি পূর্বে আছে এমন 'রু' এর স্থানে 'য'কার আদেশ হয় অশ্ পরে থাকিলে। (যথা-) দেবা ইহ, দেবায়িহ। ভোস্ ভগোস্ অঘোস্ এইগুলি সকারান্ত নিপাত। তাহাদের 'রু' এর 'য' করিয়া—

**আলোচনা—** সূত্রে 'ভগো+অঘো'—এইখানে এবং অঘো+অপূর্বস্য'—এইখানে সন্ধির অভাব 'সৌত্র' বুঝিতে হইবে। 'সূত্রে কৃতঃ' অথবা সূত্রে লব্ধঃ=সৌত্রঃ। সূত্রে সন্ধ্য-ভাব পাওয়া যাইতেছে। 'দেবাস্ + ইহ' এই অবস্থায় 'সসজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের 'রু' এবং অনুবন্ধ লোপ করিয়া 'দেবার্+ইহ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'ভোভগোঅঘোঅপূর্বস্য যোঽশি' এই সূত্রের

Scanned with CamScanner

দ্বারা রেফের যকার আদেশ করিয়া 'দেবায্+ইহ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'লোপঃ শাকল্যস্য'—এই সূত্রের দ্বারা যকারের বিকল্পে লোপ করিয়া 'দেবা ইহ' এইরূপ সিদ্ধ হয়, লোপের অভাবপক্ষে 'দেবায়িহ'—এইরূপ সিদ্ধ হয়। ভোস্, ভগোস্ এবং অঘোস্—এইগুলি সকারান্ত—নিপাত বুঝিতে হইবে।

১০৯। **হলি সর্বেষাম্—৮।৩।২২**

**হলি—৭।১, সর্বেষাম্—৬।৩**

**অনুবৃত্তিঃ—** ভোভগোঅঘোঅপূর্বস্য, যঃ, লোপঃ।
[ ভোভগোঅঘোঅপূর্বস্য যঃ (যস্য) লোপঃ (ভবতি) হলি (পরে)]।

**বরদরাজঃ—**ভোভগোঅঘোঅপূর্বস্য যস্য লোপঃ স্যাদ্ধলি। ভো দেবাঃ। অঘো নমস্তে। অঘো যাহি।।

**অনুবাদ—** ভো, ভগো, অঘো এবং অবর্ণ পূর্বে আছে এমন যকারের লোপ হয় হল্ পরে থাকিলে। (যথা-) ভো দেবাঃ। ভগো নমস্তে। অঘো যাহি।

**আলোচনা—** 'ভোস্+দেবাঃ'—এই অবস্থায় 'সসজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের 'রু' আদেশ ও অনুবন্ধ লোপ করিয়া 'ভোর্+দেবাঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'ভোভগোঅঘোঅপূর্বস্য যোঽশি' এই সূত্রের দ্বারা 'র্' এর যকার আদেশ করিয়া 'ভোয্+দেবাঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হলি সর্বেষাম্'—এই সূত্রের দ্বারা যকারের লোপ করিয়া 'ভো দেবাঃ' এইরূপ সিদ্ধ হয়। 'ভগোস্+ নমস্তে'—এই অবস্থায় 'সসজুষো রুঃ' এই সূত্রের দ্বারা পদান্ত সকারের 'রু' আদেশ করিয়া ও অনুবন্ধ লোপ করিয়া 'ভগোর্+নমস্তে'—এইরূপ অবস্থা জাত হওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'ভোভগোঅঘোঅপূর্বস্য যোঽশি'—এই সূত্রের দ্বারা রেফের যকার করিয়া 'ভগোয্+নমস্তে'—এইরূপ অবস্থা জাত হওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হলি সর্বেষাম্'—এই সূত্রের দ্বারা যকারের লোপ করিয়া 'ভগো নমস্তে' এইরূপ সিদ্ধ হয়। 'ভগো' ইহার অর্থ 'ভগবন্'। 'অঘোস্+যাহি'—এইরূপ অবস্থায় 'সসজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের 'রু' আদেশ ও অনুবন্ধ লোপ

Scanned with CamScanner

করিয়া 'অঘোর্+যাহি' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'ভোভগোঅঘোঅপূর্বস্য যোঽশি'—এই সূত্রের দ্বারা রেফের যকার আদেশ করিয়া অঘোয্+যাহি এই অবস্থাজাত হওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হলি সর্বেযাম্'—এই সূত্রের দ্বারা যকারের লোপ করিয়া 'অঘো যাহি' এইরূপ পদ সিদ্ধ হয়।

## ১১০। রোঽসুপি—৮।২।৬৯

রঃ—১।১, অসুপি—৭।১

**অনুবৃত্তিঃ—** অহন্,

[ অহ্নঃ রঃ (ভবতি) অসুপি ]।

**বরদরাজঃ**—অহ্নো রেফাদেশো ন তু সুপি। অহরহঃ। অহর্গণঃ।।

**অনুবাদ—** 'অহন্' এর রেফ আদেশ হয়, কিন্তু সুপ্ পরে থাকিলে হয় না। (যথা—) অহরহঃ। অহর্গণঃ।

**আলোচনা—** 'অহন্+অহঃ'—এই অবস্থায় 'রোঽসুপি' এই সূত্রের দ্বারা নকারের 'র' আদেশ করিয়া 'অহরহঃ' রূপ সিদ্ধ হয়। ইহার অর্থ হইল—প্রতিদিন। 'অহন্+গণঃ'—এই অবস্থায় 'রোঽসুপি'—সূত্রের দ্বারা নকারের 'র' আদেশ করিয়া 'অহর্গণঃ' রূপ সিদ্ধ হয়। ইহার অর্থ দিনসমূহ।

## ১১১। রো রি—৮।৩।১৪

রঃ—৬।১, রি—৭।১

**অনুবৃত্তিঃ—** লোপঃ

[ রঃ (রেফস্য) রি (পরে) লোপঃ (ভবতি) সংহিতায়াম্ ]।

**বরদরাজঃ**—রেফস্য রেফে পরে লোপঃ।।

**অনুবাদ**—রেফ পরে থাকিলে রেফের লোপ হয়।

**আলোচনা—** 'ঢো ঢে লোপঃ' সূত্র হইতে 'লোপঃ' পদটি অনুবৃত্ত হইতেছে।

## ১১২। ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ—৬।৩।১১১

Scanned with CamScanner

ঢ্রলোপে—৭।১, পূর্বস্য—৬।১, দীর্ঘঃ—১।১, অণঃ—৬।১

**বরদরাজঃ**—ঢরেফয়োর্লোপনিমিত্তয়োঃ পূর্বস্যাণো দীর্ঘঃ। পুনা রমতে। হরীরম্যঃ। শম্ভূরাজতে। অণঃ কিম্? তৃঢঃ। বৃঢঃ। মনস্ রথ ইত্যত্র রুত্বে কৃতে হশি চেত্যুত্বে রোরীতি লোপে চ প্রাপ্তে।।

**অনুবাদ**— ঢ এবং রেফের লোপ নিমিত্তক 'ঢ' এবং রেফ পরে থাকিলে পূর্ববর্তী 'অণ্'-এর দীর্ঘ হয়। (যথা-) পুনা রমতে। হরী রম্যঃ। শম্ভূ রাজতে। 'অণঃ' বলিল কেন? তৃঢঃ। বৃঢঃ। 'মনস্+রথঃ' এই অবস্থায় (সকারের) রু আদেশ করায় 'হশি চ' দ্বারা রু এর উকার আদেশ এবং 'রো রি' দ্বারা লোপ প্রাপ্ত হওয়ায়।

**আলোচনা**— ঢ় চ রেফশ্চ=ঢ্রৌ, তৌ লোপয়তীতি=ঢ্রলোপঃ। এইখানে কর্ম উপপদ থাকায় ণ্যন্ত ধাতুর উত্তর অণ্ প্রত্যয় করা হইয়াছে। এবং উপপদ সমাস হইয়াছে। ইহার অর্থ হইল ঢলোপনিমিত্তক এবং রেফ লোপ নিমিত্তক; সেই লোপের জন্য 'ঢো ঢে লোপঃ,' 'রো রি' সূত্রদ্বয় রহিয়াছে। 'পুনর্+রমতে' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'রো রি'—এই সূত্রের দ্বারা পূর্ববর্ত্তী রেফের লোপ করিয়া 'পুন+রমতে'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ'—এই সূত্রের দ্বারা পূর্বের অকারের দীর্ঘ করিয়া 'পুনা রমতে—এই সিদ্ধ হয়। 'হরিস্+ রম্যঃ'—এই অবস্থায় 'সসুজুষো রুঃ'—এই সূত্রের দ্বারা পদান্ত সকারের 'রু' আদেশ করিয়া এবং অনুবন্ধলোপ করিয়া 'হরির্+রম্যঃ'—এই অবস্থা জাত হওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'রো রি'—এই সূত্রের দ্বারা পূর্ববর্ত্তী রেফের লোপ করিয়া 'হরি+রম্যঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ' এই সূত্রের দ্বারা ইকারের দীর্ঘ করিয়া 'হরী রম্যঃ' এইরূপ সিদ্ধ হয়। শম্ভুস্+রাজতে—এই অবস্থায় 'সসজুষো রুঃ'—এই সূত্র দ্বারা পদান্ত সকারের রু আদেশ এবং অনুবন্ধ লোপ করিয়া 'শম্ভুর্+রাজতে—এই অবস্থায় 'তস্মিন্নিতি

নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'রো রি'—সূত্রের দ্বারা পূর্ববর্ত্তী রেফের লোপ করিয়া শম্ভু+রাজতে এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ'—এই সূত্রের দ্বারা 'উ'কারের দীর্ঘ আদেশ করিয়া 'শম্ভূ রাজতে' এইরূপ সিদ্ধ হয়। 'অণঃ' বলিল কেন? তৃহ্+ক্ত > তৃহ্-ত > তৃঢ়্+ ত > তৃঢ়্-ধ > তৃঢ়্-ঢ > তৃ ঢ। 'তৃঢঃ'—এইখানে ঋকারের দীর্ঘ হইয়া যাইত। কিন্তু সূত্রে 'অণ্' বলায় দীর্ঘ—ঋ হইতে পারিল না। এইরূপে—বৃহ+ ক্ত > বৃহ্-ত > বৃঢ়্-ধ > বৃঢ়্-ঢ > বৃঢ। বৃঢঃ'—এইখানে সূত্রে 'অণঃ' না বলিলে ঋকারের দীর্ঘ হইয়া যাইত। 'মনস্+রথঃ' এই অবস্থায় 'সসজুষো রুঃ' এই সূত্রের দ্বারা সকারের 'রু' আদেশ ও অনুবন্ধলোপ করিয়া 'মনর্+ রথঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হশি চ'—এই সূত্রের দ্বারা রেফের উকার প্রাপ্ত আছে। আবার 'রো রি' সূত্রের দ্বারা পূর্ববর্ত্তী রেফের লোপ ও প্রাপ্ত রহিয়াছে।

## ১১৩। বিপ্রতিষেধে পরং কার্যম্—১।৪।২

বিপ্রতিষেধে—৭।১, পরম্—১।১, কার্যম্—১।১

**বরদরাজঃ**—তুল্যবলবিরোধে পরং কার্যং স্যাৎ। ইতি লোপে প্রাপ্তে। পূর্বত্রাসিদ্ধমিতি রোরীত্যস্যাসিদ্ধত্বাদুত্বমেব। মনোরথঃ।।

**অনুবাদ**— তুল্যবল বিরোধে পর (সূত্রের) কার্য হয়। এইভাবে (পর সূত্র 'রো রি' দ্বারা) লোপ প্রাপ্ত হওয়ায় 'পূর্বত্রাসিদ্ধম্'—এই সূত্রের দ্বারা 'রো রি' এর অসিদ্ধত্বহেতু ('হশি চ' সূত্রের দ্বারা) উকার-ই হয়। মনোরথঃ।।

**আলোচনা**—'বি-প্রতি-ষিধ্+ঘঞ্'=বিপ্রতিষেধঃ। 'স্বস্মিন্ স্বস্মিন্ লক্ষ্যে চরিতার্থে সতি একস্মিন্ যুগপৎ প্রাপ্তিঃ=তুল্যবলবিরোধঃ। বিপ্রতিষেধ শব্দের অর্থ তুল্যবলবিরোধ। 'হশি চ' সূত্র 'শিবো বন্দ্যঃ' উদাহরণে চরিতার্থ আছে। আবার 'রো রি' সূত্র 'পুনা রমতে' উদাহরণে চরিতার্থ আছে। আবার 'মনর্+রথঃ'—এই অবস্থায় দুইটি সূত্রের একসাথে প্রাপ্তি আছে বলিয়া বিপ্রতিষেধ অর্থাৎ তুল্যবলবিরোধ রহিয়াছে। এইরূপ স্থলে পরবর্ত্তী সূত্র বলবান্ হইত। ফলে 'রো রি' সূত্র পরবর্ত্তী বলিয়া 'রো রি' সূত্রের দ্বারা লোপের প্রাপ্তি হয়। কিন্তু 'পূর্বত্রাসিদ্ধম্' সূত্রের দ্বারা 'রো রি' লাগার পর ও উহার অসিদ্ধত্ব হেতু পুনরায় 'উকার' হইয়া যায়। ফলে

Scanned with CamScanner

'মন-উ+রথঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—'অদেঙ্ গুণঃ' 'স্থানেঽন্তরতমঃ'—এই তিন সূত্রের সহায়তায় 'আদ্‌গুণঃ'—এই সূত্রের দ্বারা পূর্বও পরের স্থানে গুণ একাদেশ করিয়া 'মনোরথঃ' পদ সিদ্ধ হয়।

১১৪। **এতত্তদোঃ সুলোপোঽকোরনঞ্‌সমাপে হলি—৬।১।১৩২**

**এতত্তদোঃ—৬।২, সুলোপঃ—১।১, অকোঃ—৬।২, অনঞ্‌ সমাসে—৭।১, হলি—৭।১**

**বরদরাজঃ**—অককারয়োরেতত্তদোর্যঃ সুস্তস্য লোপো হলি ন তু নঞ্‌সমাসে। এষ বিষ্ণুঃ। স শম্ভুঃ। অকোঃ কিম্? এষকো রুদ্রঃ। অনঞ্‌ সমাসে কিম্? অসঃ শিবঃ। হলি কিম্? এষোঽত্র।।

**অনুবাদ**— অন্তে ককার নাই এমন এতদ্ ও তদ্ শব্দের 'সু' বিভক্তির লোপ হয় হল্ পরে থাকিলে, কিন্তু 'নঞ্' সমাস হইলে হইবে না। (যথা-) এষ বিষ্ণুঃ। স শম্ভুঃ। 'অকোঃ' কেন বলা হইল? 'এষকো রুদ্রঃ'। 'অনঞ্ সমাসে'—কেন বলা হইল? অসঃ শিবঃ। 'হলি'—কেন বলা হইল? এষোঽত্র।।

**আলোচনা**— অবিদ্যমানঃ ককারঃ যয়োস্তৌ=অকৌ, তয়োঃ=অকোঃ। 'এষস্+বিষ্ণুঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'এতত্তদোঃ সুলোকোরনঞ্‌সমাসে হলি' এই সূত্রের দ্বারা সকারের লোপ করিয়া 'এষ বিষ্ণুঃ' সিদ্ধ হয়। 'সস্+শম্ভুঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'এতত্তদোঃ সুলোপোঽ-কোরনঞ্ সমাসে হলি' এই সূত্রের দ্বারা সকারের লোপ করিয়া 'এষ বিষ্ণুঃ' সিদ্ধ হয়। 'সস্ + শম্ভুঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'এতত্তদোঃ সুলোঽকোরনঞ্ সমাসে হলি' সূত্রের দ্বারা সকারের লোপ করিয়া 'স শম্ভুঃ' রূপ সিদ্ধ হয়। 'অকোঃ' কেন বলিল অকচ্ প্রত্যয়যুক্ত এষক শব্দের উত্তর সুবিভক্তি ও অনুবন্ধ লোপ করিয়া এষকস্+রুদ্রঃ' এই অবস্থায় ককারান্ত বলিয়া 'সু' এর

Scanned with CamScanner

লোপ হইল না। সকারের রু ও অনুবন্ধ লোপ করিয়া 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'হশি চ'—এই সূত্রের দ্বারা রেফের 'উ'কার আদেশ করিয়া 'এষক উ+রুদ্রঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অদেঙ্ গুণঃ', 'স্থানেঽন্তরতমঃ'—এই তিন সূত্রের সহায়তায়, 'আদ্ গুণঃ'—এই সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে গুণ একাদেশ করিয়া 'এষকো রুদ্রঃ' এইরূপ সিদ্ধ হয়। 'অনঞ্-সমাসে' কেন বলা হইল? নঞ্ সমাস থাকিলে সু-এর লোপ হয় না। যথা—ন সঃ= অসঃ। 'অসস্+শিবঃ'—এই অবস্থায় সকারের রু ও বিসর্গ করিয়া 'অসঃ+শিবঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'বিসর্জনীয়স্য সঃ'—এই সূত্রের দ্বারা বিসর্গের সকার আদেশ করিয়া 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্'—এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'—এই সূত্রের দ্বারা সকারের শকার করিয়া 'অসশ্শিবঃ'—সিদ্ধ হয়। 'হলি' কেন বলা হইল? 'হলি' বলায় 'এষস্+অত্র'—এই অবস্থায় পরে 'হল্' না থাকায় 'স'কারের লোপ হইল না। ফলে সকারের 'রু' ও অনুবন্ধ লোপ করিয়া এষ-র্+অত্র এই অবস্থায় 'অতো রোরপ্লুতাদপ্লুতে' সূত্রের দ্বারা 'রু'এর 'উ' আদেশ করিয়া 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অদেঙ্গুণঃ', 'স্থানেঽন্তরতমঃ' এই তিন সূত্রের সহায়তায় 'আদ্গুণঃ' সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে গুণ একাদেশ ওকার করিয়া 'এযো+অত্র' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'এঙঃ পদান্তাদতি' এই সূত্রের দ্বারা পূর্বরূপ একাদেশ করিয়া 'এযোঽত্র' সিদ্ধ হয়।

## ১১৫। সোঽচি লোপে চেৎপাদপূরণম্—৬।১।১৩৪

**সঃ—ষষ্ঠ্যর্থে প্রথমা, অচি—৭।১, লোপে—৭।১, চেৎ—অ., পাদপূরণম্—১।১.**

**অনুবৃত্তিঃ—** সুলোপঃ।

[ সঃ (ইত্যেতস্য) অচি (পরতঃ) সুলোপঃ (ভবতি) সংহিতায়াম্ লোপে (সতি) পাদপূরণম্ চেৎ ]।

**বরদরাজঃ**—'স' ইত্যস্য সোর্লোপঃ স্যাদচি পাদশ্চেল্লোপে সত্যেব পূর্যেত। সেমামবিড্ঢি প্রভৃতিম্। সৈষ দাশরথী রামঃ।।

Scanned with CamScanner

ইতি বিসর্গসন্ধি

ইতি পঞ্চসন্ধিপ্রকরণম্।

**অনুবাদ—** 'সস্' এর 'সু' এর লোপ হয় অচ্ পরে থাকিলে, (এই শর্তে যে) লোপ হইলেই যদি (কোন শ্লোকের) পাদ পূরণ হয় (নতুবা নহে)। (যথা-) সেমামবিড্ঢি প্রভৃতিম্। সৈষ দাশরথী রামঃ।।

ইতি বিসর্গ-সন্ধিঃ

ইতি পঞ্চসন্ধিপ্রকরণ।।

**আলোচনা—** 'সস্+ইমামবিড্ঢি'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'সোঽচি লোপে চেৎ পাদপূরণম্'—এই সূত্রের দ্বারা 'সু' এর সকারের লোপ করিয়া 'স+ইমামবিড্ঢি'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অদেঙ্ গুণঃ', 'স্থানেঽন্তরতমঃ'—এই তিন সূত্রের সহায়তায় 'আদ্ গুণঃ'—এই সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে গুণ একার একাদেশ করিয়া 'সেমামবিড্ঢি হইয়াছে। 'সসু+এষঃ'—এই অবস্থায় অনুবন্ধ লোপ করিয়া 'সস্+এষঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'সোঽচি লোপে চেৎপাদপূরণম্' সূত্রের দ্বারা স্কারের লোপ করিয়া 'স+এষঃ'—এইরূপ অবস্থাজাত হইলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', বৃদ্ধিরাদৈচ্' 'স্থানেঽন্তরতমঃ' এই তিন সূত্রের সহায়তায় 'বৃদ্ধিরেচি' সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে বৃদ্ধি 'ঐ' কার একাদেশ করিয়া 'সৈষঃ' সিদ্ধ হয়। 'দাশরথিস্+রামঃ' এই অবস্থায় সকারের 'রু' ও অনুবন্ধলোপ করিয়া দাশরথির্+রামঃ'—এই অবস্থায় 'রো রি' সূত্রের দ্বারা পূর্বরকারের লোপ করিয়া 'দাশরথি+রামঃ' এই অবস্থায় 'ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ' সূত্র দ্বারা ইকারের দীর্ঘ করিয়া 'দাশরথী রামঃ' সিদ্ধ হয়। 'সৈষস্+দাশরথিঃ' এই স্থলে ও 'এতত্তদোঃ—' সূত্রের দ্বারা 'সু' এর লোপ হইয়াছে। 'সস্+ইমামবিড্ঢি' এবং 'সস্+এষঃ'—এই উভয়স্থলে সকারের 'রু' ও তাহার স্থানে যকার করিয়া লোপ করিলে ও অসিদ্ধত্ব হেতু পুনরায় যথাক্রমে গুণও বৃদ্ধি হইতে পারিত না। ফলে বর্তমান সূত্রের অবতারণা করা হইয়াছে।

——o——

Scanned with CamScanner